

শিক্ষার মানোন্নয়নে চাই পরিকল্পিত শিক্ষাব্যবস্থা : প্রধানমন্ত্রী

বাসস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশে মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে একটি সুপরিকল্পিত শিক্ষাব্যবস্থা থাকা প্রয়োজন।

বৃহস্পতিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বেগম জিয়া বলেন, শিক্ষার মান এমন হওয়া উচিত যাতে শিক্ষার্থীর সৃষ্টি

প্রতিভার বিকাশ ঘটে এবং নৈতিক মনোবল নিয়ে তারা গড়ে উঠতে পারে। তিনি বলেন, সরকার এমন এক শিক্ষা পদ্ধতি প্রবর্তন করতে চায় যাতে শিক্ষার মান বাড়বে, মানুষের মূল্যবোধ জাগ্রত হবে এবং শিক্ষাসনে সৃষ্টি পরিবেশ সৃষ্টি হবে। শিক্ষার নিম্ন হার ও নিম্ন মান প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, আমাদের প্রাতিষ্ঠানিক শিক্ষা কর্মসংস্থান নিশ্চিত করতে পারছেন না।

শিক্ষকদের দক্ষতা নিশ্চিত করতে তিনি যথাযথ প্রশিক্ষণ প্রদানের ওপর গুরুত্ব আরোপ করেন।

তিনি বলেন, গত সরকারের আমলে পরীক্ষায় নকল প্রবণতা ও প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা বেড়ে যায়। এতে জাতি হিসেবে আমাদের মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে। যেকোন মূল্যে এসব অসুস্থ প্রবণতা রোধ করতে হবে বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষার মান উন্নয়নে বর্তমান সরকারের পদক্ষেপ সম্পর্কে তিনি বলেন, দেশে মাধ্যমিক স্তরগুলোতে ১০ হাজার কম্পিউটার বিতরণ করা হবে।

তিনি বলেন, দক্ষ হয়ে গড়ে ওঠা ও বিধায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় জন্যে আমাদের শিক্ষার্থীদের অবশ্যই কম্পিউটার শিক্ষা গ্রহণ করতে হবে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিজয়ী শিক্ষা প্রতিষ্ঠান, প্রধান শিক্ষক, শ্রেণী শিক্ষক,

স্টাফট, গার্ল গাইডস, স্টাফট শিক্ষক ও ছাত্রদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এতে অন্যদের মধ্যে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এ.এ.এম. এহসানুল হক, শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিকু ও শিক্ষা সচিব এম শহীদুল আলম বক্তব্য রাখেন।